গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
প্রশাসন-১ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

স্মারক নং-২১.০০.০০০০.০০৩.০৫.০২৯.২২-১১৫

তারিখ: ২৩ চৈত্র ১৪২৯ / ০৬ এপ্রিল ২০২৩

বিষয়: গত ১৯/০১/২০২৩ খ্রিঃ তারিখে এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ও নির্দেশিকার অনুচ্ছেদ ১.১ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্তের আলোকে (জানুয়ারি হতে মার্চ ২০২৩ পর্যন্ত) ৩য় ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন।

ক্রমিক নং	সেবার নাম	বাস্তবায়ন কারী	বাস্তবায়ন কার্যক্রম
১.	এ বিভাগের সিপিটিইউ কর্তৃক বাস্তবায়িত রিভিউ প্যানেল আপিল, ই-জিপি ওয়েবপোর্টালে সরকারি বিভিন্ন ক্রয়কারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অন্তর্ভুক্তির জন্য আবেদনের প্রেক্ষিতে শতভাগ সেবা প্রদান করতে হবে;	সিপিটিইউ	**রিভিউ প্যানেল আপিলঃ**, জানুয়ারি হতে মার্চ ২০২৩ পর্যন্ত ৩য় কোয়ার্টারে সিপিটিইউ'র রিভিউ প্যানেলে মোট ২০টি আপিল জমা পড়েছে। এর মধ্যে ১৬টি রিভিউ আপিল এর সিদ্ধান্ত/রায় প্রদান করা হয়েছে এবং অবশিষ্ট ০৪টি আপিল এর শুনানী ও অন্যান্য কাজ প্রক্রিয়াধীন রয়েছে। **ই-জিপি ওয়েবপোর্টালে সরকারি বিভিন্ন ক্রয়কারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অন্তর্ভুক্তিঃ** জানুয়ারি হতে মার্চ ২০২৩ পর্যন্ত ৩য় কোয়ার্টারে সিপিটিইউ'র ই-জিপি ওয়েবপোর্টালে ০৫টি ক্রয়কারী মন্ত্রণালয়/বিভাগ এর ১৭টি সংস্থা অন্তর্ভুক্ত হওয়ার জন্য আবেদন করেছে এবং উক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে মোট ১৭টি সংস্থাকে ই-জিপি'র ওয়েবপোর্টালে অন্তর্ভুক্ত করা হয়েছে।
২.	সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২৩ অর্থবছরের অনুচ্ছেদ ১.১ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করতে হবে।	প্রশাসন-১	সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২৩ অর্থবছরের অনুচ্ছেদ ১.১ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি ৩০/০১/২০২৩ তারিখে পুনর্গঠন করা হয়েছে।
৩.	অনুচ্ছেদ ২.১ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য সেবা প্রদান সংক্রান্ত আইন-কানুন, বিধি-বিধান, চাকুরি বিধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	প্রশাসন-২	এ বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতাবৃদ্ধির জন্য সেবা প্রদান সংক্রান্ত আইন-কানুন, বিধি-বিধান, চাকুরি বিধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ সম্পূর্ণ হয়েছে।
৪.	এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের সাধারণ ভবিষ্য তহবিল, অর্জিত ছুটি, শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রদান, পিআরএল মঞ্জুর, পেনশন মঞ্জুর এবং বহিঃবাংলাদেশ ছুটি এবং গৃহ নির্মাণ, মোটর গাড়ি, কম্পিউটার, মোটর সাইকেল ঋণের আবেদনের প্রেক্ষিতে শতভাগ সেবা প্রদান করতে হবে;	প্রশাসন-১, ২ ও ৩	এ বিভাগের কর্মকর্তা/কর্মচারিদের প্রাপ্যতা সাপেক্ষে সময়মত এ বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা হয় জানুয়ারি হতে মার্চ/২০২৩ পর্যন্ত ১২ জন কর্মকর্তা/কর্মচারীকে সাধারণ ভবিষ্য তহবিল হতে অগ্রিম উত্তোলন, ৩ জনকে অর্জিত ছুটি,৩ জনকে বহিঃবাংলাদেশ ছুটি, ১২ জন-কে শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রদান, ০১ জনকে পিআরএল মঞ্জুর ০১ জনকে পেনশন মঞ্জুর, এবং ১৪ জন কর্মকর্তা/কর্মচারী-কে পাসপোর্ট এর জন্য অনাপত্তি সনদ (NOC) প্রদান করা হয়েছে।
৫.	বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির সুনির্দিষ্ট প্রস্তাব ও যৌক্তিকতার ভিত্তিতে সুপারিশ প্রদান করতে হবে;	আইএমইডি'র ০৮টি মনিটরিং সেক্টর	এ বিভাগের ০৮টি মনিটরিং সেক্টরের মাধ্যমে জানুয়ারি হতে মার্চ/২০২৩ পর্যন্ত ৩য় ত্রৈমাসিকে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে ৮৫টি প্রকল্পের মেয়াদ বৃদ্ধির সুপারিশ প্রদান করা হয়েছে।

চলমান পাতা-০২

ক্রমিক নং	সেবার নাম	বাস্তবায়নকারী	বাস্তবায়ন কার্যক্রম
৬.	অনুচ্ছেদ ২.২ অনুযায়ী ২০২২-২০২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী সেবা প্রদান বিষয়ে এ বিভাগের সিপিটিইউ-কে ৩য় ও ৪র্থ কোয়ার্টারের মধ্যে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ২টি অবহিতকরণ সভা লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্দিষ্ট সময়ে মধ্যে আয়োজন করতে হবে।	সিপিটিইউ	অনুচ্ছেদ ২.২ অনুযায়ী সেবা প্রদান বিষয়ে এ বিভাগের সিপিটিইউ কর্তৃক স্টেকহোল্ডারগণের সমন্বয়ে গত ২৩/০৩/২০২৩ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে এবং সভার কার্যবিবরণীটি প্রমাণক হিসেবে গত ০৫/০৪/২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।
৭.	সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রশাসন-১	সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি হতে মার্চ/২০২৩) ভিত্তিতে হালনাগাদপূর্বক ৩১/০১/২০২৩ খ্রিঃ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।
৮.	সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করতে হবে।	প্রশাসন-১	নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করা হবে।
৯.	সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ পরবর্তী সভায় বাস্তবায়নের ফলোআপ তুলে ধরতে হবে।	প্রশাসন-১	এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভায় উপস্থাপন করা হবে।

০৬.০৪.২০২৩

(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)
অতিরিক্ত সচিব
ও
সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

স্মারক নং-২১.০০.০০০০.০০৩.০৫.০২৯.২২-১১৪

তারিখ: ২৩ চৈত্র ১৪২৯ / ০৬ এপ্রিল ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, (দৃঃআঃ উপসচিব, সুশাসন অধিশাখা)।
২. সচিবের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৩. প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও শুদ্ধাচার শাখা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৪. সহকারী প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৫. (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৬. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৭. (অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. অফিস কপি।

০৬/০৪/২০২৩

(মোঃ মইনউদ্দিন খন্দকার)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯১৮০৭০৭
ই-মেইল:
moin.uddin@imed.gov.bd